

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী  
<http://udd.rajshahidiv.gov.bd>



নম্বর ২৫.৪৫.৫০০০.১০১.০১.০০২.১৮.৫০৪

তারিখ ৭ পৌষ ১৪২৯

২২ ডিসেম্বর ২০২২

নোটিশ

বিষয়: ক্ষুদ্র উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক সভা আয়োজন প্রসঙ্গে।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২১-২২ এর অন্তর্ভুক্ত সংযোজনী ৫ এর আওতায় "আশির দশকে প্রণীত রাজশাহী ও রংপুর বিভাগের বিভিন্ন উপজেলার ভূমি ব্যবহার পরিকল্পনার কপি ডিজিটাল ও সহজলভ্য করণ" বিষয়ক একটি ক্ষুদ্র উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত ক্ষুদ্র উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা অদ্য ২২/১২/২০২২ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় সিনিয়র প্ল্যানারের কক্ষে অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট সকলকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হল।

সভার আলোচ্য সূচীঃ

১। উক্ত ক্ষুদ্র উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং পদক্ষেপসমূহ।

২২-১২-২০২২

মোঃ ফখরুল ইসলাম

সিনিয়র প্ল্যানার (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +৮৮০ ২৫৮৮ ৮৬২৫২৬

ইমেইল: [spr@udd.gov.bd](mailto:spr@udd.gov.bd)

বিতরণঃ

- ১) সহকারী তথা হিসাব রক্ষক, সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, রাজশাহী আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
- ২) কম্পিউটার মুদ্রাক্ষরিক, সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, রাজশাহী আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
- ৩) জনাব মোঃ রুবেল হোসেন, সার্ভেয়ার, নগর উন্নয়ন অধিদপ্তর রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী
- ৪) জনাব মোঃ রমজান আলী, রেখাকার, নগর উন্নয়ন অধিদপ্তর রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী
- ৫) জনাব মোঃ মাহবুব হোসেন, রেখাকার, নগর উন্নয়ন অধিদপ্তর রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী
- ৬) জনাব বিপ্লব কুমার, সার্ভেয়ার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী
- ৭) অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
রাজশাহী আঞ্চলিক অফিস



<http://udd.rajshahidiv.gov.bd>

ক্ষুদ্র উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক সভার কার্যবিবরণীঃ

সভাপতি	মোঃ ফখরুল ইসলাম সিনিয়র প্ল্যানার (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২২/১২/২০২২
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা।
স্থান	সিনিয়র প্ল্যানার এর কক্ষ
উপস্থিতি	সংযুক্ত 'ক'

১। প্রারম্ভিক আলোচনাঃ সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন।

২। আলোচ্য বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর অন্তর্গত সংযোজনী ৫ (ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২২) এর আওতায় ক্ষুদ্র উন্নয়ন পরিকল্পনা হিসেবে গৃহিত "আশির দশকে প্রণীত রাজশাহী ও রংপুর বিভাগের বিভিন্ন উপজেলার ভূমি ব্যবহার পরিকল্পনার কপি ডিজিটাল ও সহজলভ্য করণ" এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

### ৩। আলোচনার সার সংক্ষেপঃ

আলোচনার শুরুতে সভাপতি বলেন, তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সরকারি সেবাসমূহ স্বল্প সময়ে জনগণের নিকট পৌঁছে দিতে হবে, যাতে চাহিদা মাত্র সেবা প্রদান নিশ্চিত হয়। এর ফলে স্বচ্ছতা ও জবাব দিহিতা নিশ্চিত হবে, দুর্নীতি হ্রাস পাবে এবং ই-গভর্নেন্স প্রতিষ্ঠিত হবে। আশির দশকে নগর উন্নয়ন অধিদপ্তর রাজশাহী ও রংপুর বিভাগের বিভিন্ন উপজেলার মাস্টার প্ল্যান বা ভূমি ব্যবহার মহাপরিকল্পনা প্রণয়ন করেছেন। সে সব মাস্টার প্ল্যান বা ভূমি ব্যবহার মহাপরিকল্পনাগুলো সাধারণ জনগণ যাতে খুব সহজে সংগ্রহ করতে বা ব্যবহার করতে পারেন সেজন্য মাস্টার প্ল্যানগুলোর স্ক্যান করা কপি অত্র দপ্তরের ওয়েব পোর্টালে (<http://udd.rajshahidiv.gov.bd>) প্রকাশ করা হয়েছে।

আলোচনায়, উল্লেখ করা হয় যে, রাজশাহী বিভাগে মোট ৬৭ (সাতষট্টি) টি উপজেলার মধ্যে ৪৮ (আটচল্লিশ) টি উপজেলার (ইতোপূর্বে প্রণয়নকৃত) মাস্টার প্ল্যান বা ভূমি ব্যবহার মহাপরিকল্পনার স্ক্যান কপি ওয়েবপোর্টালে আপলোড করা হয়েছে। রংপুর বিভাগের ৫৮ (আটান্ন) টি মোট উপজেলার মধ্যে (ইতোপূর্বে প্রণয়নকৃত) ৪৭ (সাতচল্লিশ) টি উপজেলার মাস্টার প্ল্যান বা ভূমি ব্যবহার মহাপরিকল্পনার স্ক্যান করা কপি ওয়েব পোর্টালে আপলোড করা হয়েছে।

আরও উল্লেখ করা হয় যে, রাজশাহী বিভাগের অবশিষ্ট ১৯ (উনিশ) টি উপজেলা (রাজশাহী জেলায় ০২টিঃ পবা, তানোর, পাবনা জেলায় ০২ টিঃ পাবনা সদর, বেড়া, জয়পুরহাট জেলায় ০১টিঃ জয়পুরহাট সদর, চাঁপাইনবাবগঞ্জ জেলায় ০২ টিঃ চাঁপাইনবাবগঞ্জ সদর, শিবগঞ্জ, সিরাজগঞ্জ জেলায় ০৪টিঃ সিরাজগঞ্জ সদর, রায়গঞ্জ, তাড়াশ, শাহজাদপুর, নওগাঁ জেলায় ০৩টিঃ নওগাঁ সদর, মহাদেবপুর, পল্লীতলা, বগুড়া জেলায় ০৩টিঃ বগুড়া সদর, শেরপুর, শাহাজানপুর, নাটোর জেলায় ০২টিঃ নাটোর সদর, নলডাঙ্গা) এবং রংপুর বিভাগের অবশিষ্ট ১১ (এগার) টি উপজেলাসহ (রংপুর জেলায় ০১ টিঃ রংপুর

সদর, দিনাজপুর জেলায় ০১টিঃ দিনাজপুর সদর, নীলফামারী জেলায় ০১টিঃ নীলফামারী সদর, গাইবান্দা জেলায় ০১টিঃ গোবিন্দগঞ্জ, লালমনিরহাট জেলায় ০১টিঃ লালমনিরহাট সদর, ঠাকুরগাঁও জেলায় ০৩টিঃ পীরগঞ্জ, রানীশংকৈল, ঠাকুরগাঁও সদর, কুড়িগ্রাম জেলায় ০২টিঃ কুড়িগ্রাম সদর, উলিপুর, পঞ্চগড় জেলায় ০১টিঃ পঞ্চগড় সদর) সর্বমোট ত্রিশটি উপজেলার মাস্টার প্ল্যান বা ভূমি ব্যবহার মহাপরিকল্পনার স্ক্যান করা কপি রাজশাহী আঞ্চলিক অফিসের সংগ্রহে নেই। উল্লেখ যে, উক্ত ত্রিশটি মাস্টার প্ল্যানের কপি প্রধান কার্যালয়ের ওয়েবপোর্টালেও আপলোড করা হয়নি।

৪। সিদ্ধান্তঃ ক্ষুদ্র উন্নয়ন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করণের নিমিত্তে অবশিষ্ট ত্রিশটি উপজেলার মাস্টার প্ল্যান বা ভূমি ব্যবহার মহাপরিকল্পনার কপি প্রধান কার্যালয় হতে সংরক্ষণের লক্ষ্যে একটি পত্র প্রেরণ করা যেতে পারে।

৫। সমাপনীঃ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সার্বিক মঞ্জল কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ ফখরুল ইসলাম

সিনিয়র প্ল্যানার (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৫.৪৫.৫০০০.১০১.০১.০০২.১৮.৫২১

তারিখ: ১৩ পৌষ ১৪২৯

২৮ ডিসেম্বর ২০২২

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

- ১) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী (সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) স্টাট লিপিকার (পিএ), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪) অফিস কপি।





মোঃ ফখরুল ইসলাম

সিনিয়র প্ল্যানার (অতিরিক্ত দায়িত্ব)

নগর উন্নয়ন অধিদপ্তর  
রাজশাহী আঞ্চলিক অফিস, রাজশাহী  
ক্ষুদ্র উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক সভা  
তারিখঃ ২২/১২/২০২২  
সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

সংযুক্ত-ক

অংশগ্রহণকারী সকল কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতির তালিকাঃ

ক্রঃ নং	নাম ও পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ ফখরুল ইসলাম, সিনিয়র প্ল্যানার (জঃদাঃ)	
০২	জনাব মোঃ আলতাফ আলী, ক্লার্ক-কাম হিসাব রক্ষক	
০৩	জনাব মোঃ ছাকির হোসাইন, কম্পিউটার মুদ্রাক্ষরিক	
০৪	জনাব মোঃ রুবেল হোসেন, সার্ভেয়ার	
০৫	জনাব মোঃ রমজান আলী, রেখাকার	
০৬	জনাব মোঃ মাহবুব হোসেন, রেখাকার	
০৭	জনাব বিপ্লব কুমার, সার্ভেয়ার	

ক্ষুদ্র উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক সভার স্থিরচিত্রঃ

